# ফকির গ্রুপের আচরণবিধি [সংস্করণঃ ০১]

FAKIR GROUP

## কোড অফ কন্ডাক্ট বা আচরণবিধি কি

ফকির গ্রুপ এর সব ধরণের ব্যবসায়িক কার্যক্রম একটি নির্ধারিত আচরণবিধি দ্বারা পরিচালিত হয়, যার মধ্যে রয়েছে ফকির নিটওয়্যারস লিমিটেড, ফকির ইকো-নিটওয়্যারস লিমিটেড এবং এফকেএল স্পিনিং লিমিটেড। এই প্রতিশ্রুতি সমূহ ফকির গ্রুপ এবং এর সমস্ত অনুমোদিত ব্যবসাকে প্রভাবিত করে এরূপ প্রধান নীতিগত দিকগুলির উপর গুরুত্ব আরোপ করে এবং নিশ্চিত করে যে আমরা সকল প্রযোজ্য আইন, নিয়ম এবং ব্যবসায়িক অংশীদারদের প্রত্যাশা মেনে চলছি। এই আচরণবিধি জানা এবং কর্মক্ষেত্রে বজায় রাখা প্রত্যেকের মৌলিক দায়িত্ব। আমাদের গ্রুপ পলিসিতে আমাদের সার্বিক দায়িত্ব এবং প্রতিশ্রুতি, সেইসাথে আমাদের অংশীদারদের সম্পর্কে তথ্য রয়েছে, তাই জড়িত সকল ব্যবসায়িক পক্ষই জানে যে তাদের কাছ থেকে কী আশা করা হচ্ছে। যদিও আমাদের আচরণবিধি ন্যূনতম প্রয়োজনীয়তাগুলোকে প্রতিষ্ঠা করে, আমরা সচেতন যে আমাদের কোম্পানিসমূহ প্রায়শই আমাদের ক্লায়েন্ট, সহযোগী, বিক্রেতা এবং বিদ্যমান সমাজকে সন্তুষ্ট করতে অতিরিক্ত প্রচেষ্টা অব্যাহত রাখে। এই আচরণবিধি মেনে চলার পাশাপাশি, আমাদের সকলের উচিত আমাদের মূল্যবোধগুলিকে যেকোনো সাধারণকে অসাধারণ করে তুলতে এবং ফকির গ্রুপ পরিবারের জন্য সর্বোচ্চ কর্মক্ষমতা প্রদানের জন্য একটি গাইড হিসাবে ব্যবহার করা। ০১ জানুয়ারী ২০২৫ থেকে এই সংস্করণ ১/২০২৫ কার্যকর হয়েছে।

## আমাদের অঙ্গীকার

ফকির গ্রুপ, গ্রুপের সকল অনুমোদিত অঙ্গ-প্রতিষ্ঠান এবং ব্যবসায়িক অংশীদারদের সকল নৈতিক ব্যবসায়িক কার্যক্রমের পরিচালনা এবং তত্ত্বাবধান করা এই গ্রুপের কার্যকর এইচআর, অ্যাডমিন এবং কমপায়েন্স বিভাগের গুরুত্বপূর্ণ দায়িত্ব গুলির মধ্যে একটি। আর্থিক এবং অনার্থিক কার্যাবলী নিয়ন্ত্রণের জন্য পর্যাপ্ত এবং কার্যকর প্রোটোকল রয়েছে কিনা তা নিশ্চিত করার বাধ্যবাধকতা তাদের রয়েছে। এই কোডটি সেই নিয়ম এবং প্রক্রিয়াগুলিকে নির্দেশ করে যা আমাদের কোম্পানির মানদন্ড নির্ধারণ করার ক্ষেত্রে মুখ্য ভূমিকা পালন করে এবং আমাদের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই আচরণবিধি আইনি প্রয়োজনীয়তা, প্রবিধান, কর্মক্ষেত্রে ঝুঁকি এবং অংশীদারদের প্রত্যাশার প্রতিক্রিয়ার উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে।

## WHAT IS THE CODE OF CONDUCT

Our business conduct is governed by a code of conduct set by Fakir Group, which includes Fakir Knitwears Ltd., Fakir Eco-Knitwears Ltd. & FKL Spinning Ltd. These commitments address key policy areas affecting Fakir Group and its affiliates, ensuring compliance with all relevant laws, regulations, and stakeholder expectations. It is fundamental that everyone understands and takes responsibility for upholding this code of conduct. Our Group Policies contain information about our responsibilities & commitments, as well as our partners', so all involved parties know what's expected of them. While our Code establishes the minimal requirements, we are aware that our companies frequently go the extra mile to satisfy our clients, associates, vendors and the community. In addition to abiding by this code of conduct, we should all use our values as a guide to make the ordinary extraordinary and provide the highest caliber of work for the Fakir Group Family. From 01 January 2025, Ths Version 01/2025 has been implemented.

## OUR COMMITMENTS

Managing and overseeing the moral business practices of Fakir Group, all affiliated sister companies, and business partners are among the many duties assigned to our capable and effective HR, Admin, and Compliance departments. They have an obligation to make certain that sufficient and efficient protocols are in place for both financial & non-financial controls. Based on our legal obligations, regulatory requirements, major risks, and stakeholder expectations, this code of conduct specifies the precise policies and standard processes that determine our baseline business standards and constitute a significant part of our  nternal controls architecture.

## ফকির গ্রুপ এর আচরণবিধি

### ১. শ্রেষ্ঠত্বের জন্য সদা-সচেষ্টঃ

ফকির গ্রুপ সবসময় নিজেদের সেরাটা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ কারণ বাংলাদেশের অন্যতম সফল এবং ধারাবাহিক পোশাক রপ্তানিকারক হিসেবে পূর্বের প্রত্যাশা পূরণ এবং তা অতিক্রম করাই ফকির গ্রুপ ও এর সকল অঙ্গপ্রতিষ্ঠানের অন্যতম প্রধান লক্ষ্য।

### ২. আইন ও প্রবিধানঃ

ফকির গ্রুপ স্থানীয় সরকারের প্রণীত সকল আইন ও বিধি-বিধানের পাশাপাশি সম্মানিত আন্তর্জাতিক ক্লায়েন্টদের সুনির্দিষ্ট মানদন্ড অনুসারে কার্যক্রম পরিচালনা করে থাকে, এই কার্যপ্রক্রিয়া গ্রুপের সকল অঙ্গপ্রতিষ্ঠান এবং ব্যবসায়িক অংশীদারদের ক্ষেত্রেও একইভাবে প্রযোজ্য।

### ৩. দুর্নীতি ও ঘুষ বিরোধীঃ

ফকির গ্রুপ তার সমস্ত ব্যবসায়িক লেনদেন এবং বাণিজ্যিক সম্পর্কের ক্ষেত্রে সততার সাথে কাজ করার জন্য কঠোরভাবে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা নৈতিকতা এবং সততার সর্বোচ্চ মানের প্রতি বদ্ধপরিকর এবং ঘুষ ও দুর্নীতির বিরুদ্ধে জিরো-টলারেন্স পদ্ধতি অবলম্বন করি। ফকির গ্রুপ বা এর কোনো অঙ্গপ্রতিষ্ঠান বা অনুমোদিত ব্যবসায়িক অংশীদারদের ক্ষেত্রে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ঘুষ দেওয়া বা নেওয়া অথবা অন্য যেকোনো ধরনের দুর্নীতি মূলক কর্মকান্ড সম্পূর্ণরূপে অগ্রহণযোগ্য।

### ৪. শিশু শ্রমঃ

আন্তর্জাতিক এবং স্থানীয় শ্রম আইন এবং বিভিন্ন ক্রেতাগোষ্ঠীর ব্যবসায়িক নীতির সাথে সামঞ্জস্য রেখে ১৮ বছরের কম বয়সী বা শিশু সদৃশ্য কোন ব্যক্তিকে নিয়োগ প্রদান করা হয় না। যেকোনো প্রকার শিশুশ্রম সম্পূর্ণরূপে নিষিদ্ধ।

### ৫. জোরপূর্বক শ্রম ও আধুনিক দাস প্রথাঃ

কর্মক্ষেত্রে সহিংসতা, ভীতি প্রদর্শন এবং নিপীড়ন সম্পূর্ণরূপে নিষিদ্ধ। শাস্তির ভয়ে বা বেতন ছাড়া বা কারো ইচ্ছার বিরুদ্ধে শ্রম আদায় করা হয়না। গ্রুপ ও অন্তর্ভুক্ত সকল অঙ্গ-প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রম, সাপ্লাই চেইন, বা ব্যবসায়িক অংশীদারদের যেকোনো প্রকার মানবাধিকার লংঘন ফকির গ্রুপ উৎসাহিত করেনা এবং সম্পূর্ণরূপে অগ্রহণযোগ্য।

### ৬. ক্ষতিপূরণ ও সুবিধাঃ

সমস্ত মজুরি এবং সুবিধা শ্রম আইন অনুযায়ী নির্ধারিত ভাবে প্রদান করা হয়। কোন কর্মচারীকে প্রাপ্য মজুরি এবং ওভারটাইম (যদি থাকে) বা আইনগতভাবে প্রাপ্য এবং প্রযোজ্য যেকোনো ধরনের সুযোগ সুবিধা থেকে বঞ্চিত করা হয় না।

### ৭. কর্মঘণ্টাঃ

কর্মচারীদের আইন অনুযায়ী নিয়োগ করা হয় এবং নিয়োগের সময় কর্মসংস্থান সম্পর্কিত প্রযোজ্য সকল নীতি, কার্যপদ্ধতি ও ক্ষেত্র সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়। সপ্তাহে প্রতি ৬ কার্যদিবসে ১ দিন ছুটি (পূর্ণ ২৪ ঘণ্টা) নিশ্চিত করা হয়।

### ৮. স্বাস্থ্য নিরাপত্তা এবং সচেতনতাঃ

একটি পরিচ্ছন্ন, স্বাস্থ্যকর ও সুরক্ষিত কর্মক্ষেত্র বজায় রাখার জন্য, দুর্ঘটনা থেকে কর্মীদের রক্ষা করতে এবং কর্মচারীদের সার্বিক অবস্থাকে উন্নীত করার জন্য, পেশাগত নিরাপত্তা এবং স্বাস্থ্য সম্পর্কিত সমস্ত স্থানীয় এবং আন্তর্জাতিক নিয়মাবলী সর্বদা কর্মক্ষেত্রে অনুসরণ এবং বজায় রাখা নিশ্চিত করা হয়।

### ৯. বৈষম্যঃ

উপজাতি, বয়স, লিঙ্গ, গোষ্ঠীভুক্তি, ধর্ম বা শারীরিক বৈশিষ্ট্য ইত্যাদির উপর ভিত্তি করে কোন ব্যক্তিকে নিয়োগ বা চাকুরিচ্যুতি করা, বিশেষ বিবেচনায় বেতন, পদ বা সুবিধাদি নির্ধারণ বা প্রদান করা হয় না, এছাড়াও বিভিন্ন চিকিৎসা বা কর্মকালীন অতিরিক্ত সুযোগ সুবিধা, পদোন্নতি, বরখাস্ত বা অবসর ইত্যাদি ক্ষেত্রে উপরে উলেখিত বৈশিষ্ট্যসমূহের কোন প্রভাব থাকে না।

### ১০. হয়রানি ও অপব্যবহারঃ

প্রত্যেক শ্রমিককে তার কাজের মান অনুযায়ী সম্মান ও মর্যাদা নিশ্চিত করা হয়। কর্মক্ষেত্রে বা অন্য কোনো কারণে কোনো কর্মচারীর উপর শারীরিক, মানসিক, যৌন বা মৌখিক হয়রানি সম্পূর্ণরূপে অগ্রহণযোগ্য এবং কঠোরভাবে নিষিদ্ধ।

### ১১. নারী অধিকারঃ

কর্মসংস্থানে নারীদের সমান সুযোগ-সুবিধা নিশ্চিত করা হয়েছে। এছাড়া নারীদের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর বা বিপজ্জনক এমন কোনো কাজে নিয়োজিত করা হয় না।

### ১২. গুণগত মানঃ

মান নিয়ন্ত্রণ এবং সঠিক মানদন্ড নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় নীতিসমূহ সঠিকভাবে অনুসরণ করা হয়। সকল প্রয়োজনীয় নথি এবং নির্দেশাবলী যথাযথভাবে সংরক্ষণ করা হয়। মান নিয়ন্ত্রন প্রক্রিয়াসমূহ নির্দিষ্টকরণ ও সকলকে যথাযথভাবে অবহিত করা, বিভিন্ন সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের মাধ্যমে কোম্পানির কাজের ও উৎপাদিত সকল পণ্যের সর্বোচ্চ গুনগতমান নিশ্চিত করা হয়।

### ১৩. সংগঠন করার স্বাধীনতাঃ

শ্রমিকদের কর্ম অধিকারের স্বার্থে বা যেকোনো বিষয়ে তাদের পক্ষে যৌথ দরকষাকষি সম্পর্কিত সকল দেশীয় এবং আন্তর্জাতিক শ্রম আইনের প্রতি যথাযথ মর্যাদা রেখে সার্বিক কার্যক্রম পরিচালনা করা হয়।

### ১৪. কল্যাণমূলক ব্যবস্থাপনাঃ

সকল প্রযোজ্য বিদ্যমান স্থানীয় ও আন্তর্জাতিক আইন অনুযায়ী সকল শ্রমিকের জন্য প্রাথমিক চিকিৎসা, সার্বক্ষণিক ডাক্তারী সহায়তা, জরুরী চিকিৎসা সুবিধা, খাবারের ব্যবস্থা, ক্যান্টিন এবং চাইল্ড কেয়ার রুম ইত্যাদির জন্য পরিচর্যাকারীসহ ওষুধ ও প্রয়োজনীয় সরঞ্জামের পর্যাপ্ত ব্যবস্থা রয়েছে।

### ১৫. পরিবেশঃ

কারখানার পরিচালনায় সমস্ত পরিবেশগত আইন ও প্রবিধান অনুসরণ করা হয়। বিশেষত, কোনো উৎপাদন প্রক্রিয়া পরিবেশের জন্য ঝুঁকি সৃষ্টি করে কিনা তা নিশ্চিত করার জন্য ঝুঁকি নিরূপণ করে নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হয়।

### ১৬. মাদক প্রতিরোধঃ

ফকির গ্রুপ সব সময় মাদক বিরোধী সরকারী সংস্থা এবং সংগঠনকে সহায়তা দিতে সর্বদা প্রতিশ্রুতিবদ্ধ। মাদকবিরোধী আইন কার্যকর করার জন্য এবং কোনো মাদকদ্রব্য দুর্ঘটনাক্রমে কোনো ব্যক্তি/বাহ্যিক পণ্যের সঙ্গে কারখানায় প্রবেশ করতে যাতে না পারে সেজন্য সার্বক্ষণিক সতর্ক নজরদারি বিদ্যমান থাকে। ভিতরে এই ধরনের কোনো উপাদান পাওয়া গেলে, প্রয়োজনে আইন প্রয়োগকারী সংস্থার কাছ থেকে সহায়তা গ্রহণের সাথে স্থানীয় আইন এবং প্রবিধান অনুযায়ী তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হয়।

### ১৭. কাস্টমস/শুল্ক নীতির অনুসরনঃ

ফকির গ্রুপ ও এর অধিভুক্ত কোম্পানিসমূহ সকল প্রযোজ্য কাস্টমস আইন অনুযায়ী তাদের ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করে। শুল্ক আইনের প্রয়োগ বিশেষভাবে সমস্ত উৎপাদিত বস্ত ও পোশাক আইটেম স্টোরেজ এবং চালানের ক্ষেত্রে নিশ্চিত করা হয়।

### ১৮. ঝুঁকি ব্যবস্থাপনাঃ

ফকির গ্রুপ ঝুঁকি সনাক্তকরণ, মূল্যায়ন এবং যথাযথ সমাধান করার জন্য একটি কার্যকর, সামঞ্জস্যপূর্ণ, এবং ঝুঁকি-প্রতিরোধী ব্যবস্থাপনা কাঠামো তৈরি করেছে। এই কাঠামোর চর্চা বজায় রাখার জন্য ফকির গ্রুপের মালিকানাধীন সার্বিক ব্যবসায়িক কার্যক্রম, ব্যবসায়িক অংশীদার ও সাপ্লাই চেনের সম্মানিত সদস্যবৃন্দ এই ঝুঁকি ব্যবস্থাপনা নীতির আওতাভূক্ত, যা এই পদ্ধতির ভিত্তি হিসেবে কাজ করে।

উপসংহারে, ফকির গ্রুপের আচরণবিধি এর কর্ম, সিদ্ধান্ত এবং সম্পর্কের দিকনির্দেশনার নৈতিক দিকনির্দেশক হিসাবে কাজ করে। এটি গ্রুপের যাবতীয় কার্যক্রমের প্রতিটি ক্ষেত্রে সততা, স্বচ্ছতা, সম্মান এবং দায়িত্বের প্রতি প্রতিশ্রুতিকে প্রতিফলিত করে। একটি সুচিন্তিত আচরণবিধি ইতিবাচক কাজের পরিবেশ গড়ে তোলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, অংশীদারদের মধ্যে আস্থা বাড়ায় এবং অনৈতিক আচরণের সাথে সম্পর্কিত ঝুঁকিগুলি প্রশমিত করে। একটি আচরণবিধি নিছক একটি নথি নয়; এর কার্যকারিতা সক্রিয় বাস্তবায়ন, প্রয়োগ এবং নিয়মিত পর্যালোচনার উপর নির্ভর করে যাতে বিবর্তিত নৈতিক মান এবং সাংগঠনিক মূল্যবোধের সাথে সামঞ্জস্য নিশ্চিত করা যায়। এই আচরণবিধিতে বর্ণিত নীতিমালাসমূহ চর্চা ও যুগের সাথে সামঞ্জস্য রেখে পরিবর্ধন আর পরিমার্জন করার মাধ্যমে আমরা কোম্পানির ভেতরে একটি সততা নির্ভর কর্ম-সংস্কৃতি গড়ে তুলতে, বিদ্যমান ও সম্ভাব্য অংশীদারদের মধ্যে আস্থা জাগাতে এবং পরিশেষে দীর্ঘমেয়াদী সাফল্য ও স্থায়িত্বে অবদান রাখতে পারি।

## THE FAKIR GROUP CODE OF CONDUCT

### 1. Aspire to be the best:

Fakir Group is always committed to ensure its best because as one of the most successful and consistent garment exporters in Bangladesh, meeting and exceeding expectations is one of the main goals of Fakir Group and all its subsidiaries.

### 2. Complying with Law & Regulations:

Fakir Group operates in accordance with all local laws and regulations, as well as the specific standards of our respected overseas clients, which apply to all of its factory units and valuable business partners.

### 3. Anti-Corruption & Bribery:

The Fakir Group firmly upholds honesty and integrity in all business interactions and transactions, ensuring compliance with the highest ethical standards. The organization maintains a strict zero-tolerance policy against any form of corruption or bribery, reinforcing its commitment to ethical conduct. Bribery or corrupt practices involving Fakir Group, itssubsidiaries, or authorized business partners are categorically unacceptable and expressly forbidden, reflecting the company's dedication to maintaining trust and transparency.

### 4. Child Labor:

In compliance with international and local labor laws and the business policies of various buyers, no worker or child-like person under the age of 18 is employed. Child labor is completely prohibited.

### 5. Forced labor & Modern Slavery:

Violence, intimidation, and oppression are entirely forbidden. Labor is not obtained under fear of punishment or without pay or against one's will. Fakir Group does not encourage and prohibits any violation of human rights in the overall operations of the Group and all its affiliated entities, supply chain, or business partners.

### 6. Compensation & Benefit:

All wages and benefits are determined and provided in accordance with local labor laws. No employee shall be deprived of due wages and overtime (if any) or any legally entitled benefits.

### 7. Working Hour:

Employees are recruited in compliance with local regulations and receive comprehensive training on all relevant employment-related policies, procedures, and areas upon hiring. Additionally, one day off (24 hours) is granted after every six consecutive working days within a week.

### 8. Health Safety & Awareness:

To ensure a clean, healthy, and secure workplace, protect employees from accidents, and promote well-being, compliance with all local and international Occupational Safety and Health regulations is mandatory at all times.

### 9. Discrimination:

Based on factors such as race, age, gender, ethnicity, religion, or physical characteristics, appointment or termination; fixing or enhancing compensation, rank or benefits are not decided or changed. Likewise, these factors do not impact medical or other work-related benefits or retirements.

### 10. Harassment & Abuse:

Every worker is given respect and dignity according to the quality of his work. Physical, emotional, psychological, sexual, or verbal harassment of any employee at work or for any other reason is entirely unacceptable and strictly prohibited.

### 11. Women Rights:

Equal employment opportunities are ensured for women. Also, women are not engaged in any kind of work which is harmful or dangerous to their health.

### 12. Quality Standards:

In order to ensure quality control and meet appropriate criteria, necessary policies are properly followed with all the relevant documents carefully preserved. To ensure the highest quality of the company's work and goods, specific quality control methods are implemented, all stakeholders are notified and concerns are resolved as they emerge.

### 13. Freedom of Association:

The overall activities are conducted with due respect to all domestic and international labor laws in the interest of workers' rights or collective bargaining on their behalf in any matter.

### 14. Welfare Management:

According to all applicable existing local and international law, there are sufficient medicines and necessary equipment for first aid, full time doctor support, emergency treatment facility, dinning arrangement, canteen and child care room etc. ensured for all workers.

### 15. Environment:

All environmental laws and regulations are followed in the operation of the factory. Specifically, every effort is made under close observation to guarantee that no production procedure poses a risk to the environment.

### 16. Drug Inhibition:

Fakir Group is always committed to providing assistance to anti-drug government agencies and organizations. There is a constant vigil to enforce the anti-narcotics law and prevent any drug from accidentally entering the factory with any person or external product. If any such material is found inside, immediate action is taken as per local laws and regulations with assistance from law enforcement agencies if required.

### 17. Customs Compliance:

The Fakir Group and its affiliated companies conduct their business operations in full compliance with applicable customs regulations. This adherence is particularly ensured in the storage and shipment of all manufactured goods and clothing items.

### 18. Risk Management:

The Fakir Group has created an effective, consistent & risk preventive management system for risk detection, assessment, and resolution. To uphold the framework, all company activities held by Fakir Group, business partners, and respected parts of the supply chain are covered by this risk management policy, which acts as the foundation for this strategy.

In conclusion, Fakir Group's code of conduct serves as the ethical compass guiding its actions, decisions, and relationships. It reflects the organization's commitment to integrity, transparency, respect, and responsibility in all facets of its operations. A well-crafted code of conduct  osters a positive work environment, enhances trust among stakeholders, and mitigates risks associated with unethical behavior. However, a code of conduct is not merely a  ocument; its effectiveness hinges on active implementation, enforcement, and regular review to ensure alignment with evolving ethical standards and organizational values. By  upholding the principles outlined in this code of conduct, we can cultivate a culture of integrity, inspire confidence in the existing & potential stakeholders, and ultimately contribute to the long-term success and sustainability.

FAKIR KNITWEARS LTD. | FAKIR ECO KNITWEARS LTD | FKL SPINNING LTD. | FAKIR LOGISTICS SERVICE | Zaman Agro Fisheries Ltd. | Fakir Securities ltd. Believe In Us

Kayempur, Fatullah, Narayanganj - 1420 Phone: 02-764137980, 02-7643271,
Fax: 88-02-76344611, E-mail: fklinfo@fakirgroup.com